গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

## পরিপত্র

**বিষয়: জেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা।**

জেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহারে স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করার লক্ষ্যে ইতঃপূর্বে জারিকৃত নির্দেশনা রহিত করে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো:

১. **জেলা পরিষদের প্রশাসনিক ব্যয়:** জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সরকার কর্তৃক নির্ধারিত হারে জনপ্রতিনিধিগণের সম্মানী, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাসহ অন্যান্য প্রশাসনিক ব্যয় নির্বাহ করতে হবে।

২. **জেলা পরিষদ কার্যালয়, বাসভবন, ডাকবাংলো, অডিটরিয়াম ও অন্যান্য অবকাঠামো মেরামত বা সংস্কার:** জেলা পরিষদ কার্যালয়, বাসভবন, ডাকবাংলো, অডিটরিয়াম ও অন্যান্য অবকাঠামো মেরামত বা সংস্কারকল্পে এক অর্থ বছরে সর্বোচ্চ ২০.০০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা ও সমতার নীতি অবলম্বন করতে হবে।

৩. **জেলা পরিষদ কার্যালয় ও অন্যান্য স্থাপনাসমূহের সীমানা প্রাচীর ও ফটক নির্মাণ :** জেলা পরিষদ কার্যালয় ও অন্যান্য স্থাপনাসমূহের সীমানা প্রাচীর ও ফটক নির্মাণের জন্য জেলা পরিষদের সুপারিশক্রমে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণপূর্বক নির্মাণ করা যাবে। রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকলে একাধিক অর্থবছরে তা বাস্তবায়ন করা যাবে।

৪. **সম্পত্তি রক্ষণাবেক্ষণ ব্যয় :** জেলা পরিষদের মালিকানাধীন ভূমিসহ অন্যান্য সকল সম্পত্তি রক্ষণাবেক্ষণের নিমিত্ত বছরে সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

৫. **অফিস সরঞ্জাম ক্রয়:** জেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে জেলা পরিষদের TO&E-তে অন্তর্ভুক্ত কোন অফিস সরঞ্জাম সংগ্রহ/ক্রয়ের ক্ষেত্রে এক অর্থবছরে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

৬. **অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত:** জেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অফিস সরঞ্জামাদি যেমন কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন ইত্যাদি খাতে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

৭. **আসবাবপত্র, ইলেকট্রনিক্স সামগ্রী (টিভি, ফ্রিজ, ক্লোজ সার্কিট ক্যামেরা ইত্যাদি) সংগ্রহ/মেরামত:** জেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিষদের জন্য নতুন আসবাবপত্র ও ইলেকট্রনিক সামগ্রী ক্রয় খাতে ব্যয় প্রতি অর্থবছরে ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। আসবাবপত্র ও ইলেকট্রনিক সামগ্রী মেরামত বাবদ প্রতি অর্থবছরে সর্বোচ্চ ২.০০ (দুই) লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমিত থাকবে।

৮. **পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত:** পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত ও ক্রয় ইত্যাদি জেলা পরিষদের সিদ্ধান্তক্রমে জেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাবে।

৯. **বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ:** বিদ্যুৎ বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল, টেলিফোন বিল, ইন্টারনেট বিল, ভূমি উন্নয়ন কর, পৌর কর/হোল্ডিং ট্যাক্স, গ্যাস বিল ইত্যাদি রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিধি মোতাবেক পরিশোধ করা যাবে।

১০. **অডিট ফি:** জেলা পরিষদ কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন ও রাজস্ব প্রকল্পসমূহ অডিটের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাবে।

১১. **প্রশিক্ষণ:** জেলা পরিষদসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে বেকার যুবক ও যুব নারীদের বিভিন্ন ক্ষেত্রে আত্মকর্মসংস্থানে পর্যাপ্ত সহায়তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ পরিচালনা করতে পারবে। এক্ষেত্রে এক অর্থবছরে সর্বোচ্চ ২৫.০০(পঁচিশ) লক্ষ টাকা ব্যয় করা যাবে।

১২. **যানবাহন ক্রয়:** জেলা পরিষদের রাজস্ব বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে সাংগঠনিক কাঠামোভুক্ত যানবাহন ক্রয় করা যাবে।

১৩. **যানবাহন মেরামত:** পরিষদে বিদ্যমান প্রতিটি যানবাহন মেরামতের জন্য প্রয়োজন অনুযায়ী রাজস্ব তহবিল হতে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১.০০ (এক) লক্ষ টাকা ব্যয় করা যাবে।

**১৪. সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন:** জেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে জেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক সর্ব্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা যাবে। সৌর বিদ্যুৎ প্যানেল রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে প্রতি অর্থ বছরে সর্ব্বোর্চ্চ ২০ (বিশ) হাজার টাকা ব্যয় করা যাবে।

**১৫. মামলা পরিচালনা ব্যয়:** জেলা পরিষদের স্বার্থসংশ্লিষ্ট মামলা পরিচালনার ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যাবে। তবে এ ব্যয় সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুযায়ী হতে হবে। ব্যক্তিগত দায় সংক্রান্ত কোন মামলার ব্যয় এ অর্থ দ্বারা পরিচালনা করা যাবে না।

**১৬. প্রকাশনা:** জেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে জেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রকাশনা ব্যয় নির্বাহের জন্য প্রতি অর্থবছরে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

**১৭. আপ্যায়ন ব্যয়:** জেলা পরিষদ সভাসংশ্লিষ্ট ব্যয়সহ পরিষদের চেয়ারম্যান, সদস্য ও প্রধান নির্বাহী কর্মকর্তার আপ্যায়ন ব্যয় বাবদ মাসিক সর্বোচ্চ ১.০০(এক) লক্ষ টাকা এবং প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে।

**১৮. আনুষঙ্গিক:** সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদি জেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। এ খাতে মাসিক সর্বোচ্চ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

**১৯. অপ্রত্যাশিত খাতে ব্যয়:** ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদি তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় কোন অত্যাবশ্যকীয় স্থাপনা/ প্রতিষ্ঠানের জরুরি মেরামত ও পুনঃস্থাপনের প্রয়োজন হলে জেলা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছরে সর্ব্বোর্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে।

**২০. প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন:** জেলা পরিষদ আইন, ২০০০ অনুযায়ী প্রশাসনিক সকল ব্যয় সম্পাদনের পর উদ্বৃত্ত অর্থে জেলা পরিষদের বাধ্যতামূলক কার্যাবলী, ঐচ্ছিক কার্যাবলী (শিক্ষা, সংস্কৃতি, সমাজকল্যাণ, অর্থনৈতিক কল্যাণ, জনস্বাস্থ্য, গণপূর্ত ও সাধারণ খাত) সম্পাদনে জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ ব্যয় করা যাবে। এ খাতসমূহে মোট বরাদ্দকৃত অর্থের ৫০% পর্যন্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর মাধ্যমে গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে। ১.০০ (এক) লক্ষ টাকার নিম্নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। ১.০০ (এক) লক্ষ টাকা হতে ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত বরাদ্দকৃত অর্থে প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। ৩.০০ লক্ষ টাকার অধিক প্রাক্কলিত ব্যয়ে গৃহীত প্রকল্পসমূহ টেন্ডার কমিটির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। গৃহীত প্রকল্পের তালিকা জেলা পরিষদের অধিক্ষেত্র-সংশ্লিষ্ট সকল উপজেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনে প্রেরণ করতে হবে। এ ধরণের প্রকল্পসমূহ পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও এতদসংক্রান্ত সকল বিধিবিধান অনুযায়ী দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

**২১. বাণিজ্যিক প্রকল্প/ নতুন ভবন/ ডাকবাংলো/ অডিটরিয়াম নির্মাণ:** রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থের সংস্থান সাপেক্ষে বাণিজ্যিক প্রকল্প/ নতুন ভবন/ ডাকবাংলো/ অডিটরিয়াম নির্মাণ করা যাবে।

**২২. বার্ষিক বাজেট ব্যয়ের প্রতিফলন:** রাজস্ব ব্যয়ের প্রতিটি খাত বাৎসরিক বাজেটে প্রতিভাত হতে হবে।

**২৩. অনুদান সহায়তা:**

**১.** জেলা পরিষদের সিদ্ধান্তক্রমে রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট জেলার শিক্ষার্থীদের অনুকূলে শিক্ষা সহায়তা অনুদান প্রদান করা যাবে। এ বাবদ প্রতি অর্থবছরে সর্বোচ্চ ২০.০০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত অনুদান প্রদান করা যাবে।

**২.** জেলা পরিষদের রাজস্ব আয় বিবেচনায় জেলা পরিষদের সিদ্ধান্তক্রমে রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট জেলার শিক্ষার্থীদের অনুকূলে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত শিক্ষাবৃত্তি প্রদান করা যাবে।

**৩.** দৈবদুর্বিপাক, মানবিক বিপর্যয়ের শিকার ও দুর্গত ব্যক্তি অথবা পরিবারের অনুকূলে তাৎক্ষণিক সহায়তা হিসেবে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ২০.০০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত প্রদান করা যাবে।

**৪.** মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধা এবং সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া ইত্যাদি ক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তিবর্গের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান বাবদ প্রতি অর্থবছরে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

**৫.** গুরুতর অসুস্থ কর্মচারী বা অন্যান্য ব্যক্তিবর্গের অনুকূলে প্রয়োজনীয়তা নিরূপন সাপেক্ষে প্রতি ব্যক্তির অনুকূলে সর্বোচ্চ ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত অনুদান সহায়তা প্রদান করা যাবে।

**৬.** বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপনে পরিষদের আর্থিক সংস্থান অনুযায়ী বাজেটে সংস্থান সাপেক্ষে জেলা পরিষদের সভায় সিদ্ধান্তক্রমে ব্যয় করা যাবে।

পৃঃ-

৭. জনস্বাস্থ্য ও জনকল্যাণমূলক বিভিন্ন কার্যাবলী (বেওয়ারিশ লাশ দাফন, মৃত পশু পাখি ব্যবস্থাপনা ও অন্যান্য) কাজে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ২.০০(দুই) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে।

**২৪. নির্ধারিত সীমার অতিরিক্ত ব্যয়:** এ নির্দেশিকায় নির্দেশিত ব্যয়সীমার অতিরিক্ত অর্থ ব্যয়ের প্রয়োজন হলে অথবা উল্লিখিত (ক্রমিক ১-২৩ পর্যন্ত) খাতের বাইরে অন্য খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে জেলা পরিষদের সভায় সুপারিশ গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

১৬.০২.২০২২
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।
৭. চেয়ারম্যান, জেলা পরিষদ,...............................................(সকল)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ....................................................................... (সকল)।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।